# AKASHVANI (AIR)

# RNU : KOLKATA

# Bengali Text Bulletin

**Date 05-04-2025 Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রামনবমী উৎসব সুষ্ঠুভাবে উদযাপনের জন্য ব্যাপক প্রস্তুতি রেখেছে প্রশাসন।

২) সরকারের সদিচ্ছার অভাবেই শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষা কর্মীরা চাকরী হারিয়েছেন – এই অভিযোগে শিক্ষক শিক্ষিকাদের একাংশ ২১ শে এপ্রিল নবান্ন অভিযানের ডাক দিয়েছে।

৩) এসএসসি প্যানেল বাতিল হলেও মাধ্যমিক পরীক্ষার ফলাফল নির্দিষ্ট সময়ে প্রকাশিত হবে বলে মধ্যশিক্ষা পর্ষদ সূত্রে জানা গেছে।

৪) রাজ্যে দুগ্ধ ও দুগ্ধজাত পণ্যের উৎপাদন বাড়াতে বাংলার ডেয়ারি ব্র্যান্ডের আওতায় দুটি অত্যাধুনিক দুগ্ধ প্রক্রিয়াকরণ কেন্দ্র গড়ে তুলছে রাজ্য সরকার।

৫) আবহাওয়া দপ্তর আগামী সপ্তাহে কালবৈশাখীর পূর্বাভাস দিয়েছে।

---

রামনবমী উৎসব পালনকে কেন্দ্র করে রাজ্য জুড়ে প্রস্তুতি চলেছে। উৎসব সুষ্ঠুভাবে সম্পন্ন করতে ব্যাপক প্রস্তুতি রেখেছে প্রশাসন। কলকাতায় সাড়ে ৩ থেকে ৪ হাজার পুলিশকর্মীকে নিরাপত্তা দেখভালের দায়িত্বে রাখা হচ্ছে। সারা রাজ্যে বিশেষ দায়িত্বে থাকছেন ২৯ জন আইপিএস অফিসার । শহরের বুকে বড় মিছিল গুলিতে ডেপুটি

কমিশনার, পুলিশের যুগ্ম অধিকর্তা পদমর্যাদার আধিকারিকেরা উপস্থিত থাকবেন। একটি প্রতিবেদন,

ভয়েসকাস্ট

ওসি, ডিসি, এসি, জয়েন্ট সিপি-সহ পুলিশের পদস্থ আধিকারিকদের দায়িত্ব ভাগ করে দেওয়া হচ্ছে। যে যে রাস্তায় মিছিল যাবে, সেখানে পুলিশ পিকেটিং থাকবে। ড্রোন, সিসিটিভি এবং ভিডিয়োগ্রাফির মাধ্যমে নজরদারির ব্যবস্থা করা হচ্ছে। এদিকে কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা আজ কলকাতায় রামনবমীর প্রস্তুতি খতিয়ে দেখেন। হাইকোর্টের নির্দেশ মত মিছিল যাতে হয় পুলিশ সেদিকে নজর রেখেছে বলে তিনি জানিয়েছেন।

রাজ্যপাল সি ভি আনন্দ বোস মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী শান্তি শৃঙ্খলা বজায় রেখে উৎসব পালন করতে রাজ্যবাসীর কাছে আবেদন জানিয়েছেন।

শ্রী মজুমদার আরও জানান, রামনবমী বহু বছর ধরেই পালিত হচ্ছে এবং আগামীদিনেও হবে। বাধা দিয়ে তা আটকানো যাবে না বলে স্পষ্ট জানান তিনি ।

এদিকে রামনবমীর আগেই আজ রাজ্যের একাধিক জেলায় বিভিন্ন সংগঠনের তরফে মিছিল করা হয়। হাওড়ার সাঁকরাইলে এদিন অস্ত্র হাতে এই মিছিল হয়। প্রশাসনের তরফ থেকে এদিন আঁটোসাটো নিরাপত্তার বন্দোবস্ত করা হয়। শহরের পরিস্থিতি খতিয়ে দেখেন হাওড়ার পুলিশ কমিশনার প্রবীণ কুমার ত্রিপাঠি।

পশ্চিম মেদিনীপুরের বেলদায় মিছিলে অংশ নেন প্রাক্তন বিজেপি সাংসদ দিলীপ ঘোষ। বাইক রালির আয়োজন করা হয় মেদিনীপুর শহরেও।

---------------------

আজ অন্নপূর্ণা পুজো। অন্নদাত্রী হিসেবে দেবী অন্নপূর্ণা পুজো করা হলেও শক্তির এক বিশেষ রূপেও দেবী পূজিতা হন। চৈত্র মাসের শুক্লা অষ্টমী তিথিতে এই পুজো অনুষ্ঠিত হয়। এদিকে রাজ্যের বিভিন্ন এলাকায় সাড়ম্বরে অনুষ্ঠিত হচ্ছে বাসন্তী পুজো।

--------------------

সরকারের সদিচ্ছার অভাবে শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষা কর্মীরা চাকরি হারিয়েছেন এই অভিযোগ তুলে চাকরিহারা শিক্ষক-শিক্ষিকাদের একাংশ নবান্ন অভিযানের ডাক দিয়েছে। বেশ কয়েকটি সংগঠনকে নিয়ে গঠিত পশ্চিমবঙ্গ বঞ্চিত চাকরি প্রার্থী, চাকরিজীবী ও চাকরিহারা ঐক্য মঞ্চের তরফে আজ কলকাতা প্রেস ক্লাবে এক সাংবাদিক বৈঠকে আগামী একুশে এপ্রিল এই অভিযানের ডাক দেওয়া হয়েছে। আগামী ১৫ই এপ্রিল এর মধ্যে রাজ্য সরকার যদি প্রতিটি সংগঠনের সঙ্গে বসে আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের চেষ্টা না করে তবে তাদের এই কর্মসূচি জারি থাকবে বলে ঐক্য মঞ্চের তরফে জানানো হয়েছে। চাকরিহারা শিক্ষক শিক্ষিকারা কোন বেকার ভাতা চায় না বলেও তারা জানিয়েছে।

প্রায় ২৬ হাজার শিক্ষকের চাকরি বাতিলের পিছনে কোনও রাজনৈতিক ষড়যন্ত্র রয়েছে কিনা সেই প্রশ্ন তুলেছেন তৃণমূলের রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ। আজ এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন, সিবিআইয়ের রিপোর্ট অনুযায়ী মোট ৫ হাজার ৩০৩ জনের ক্ষেত্রে অনিয়ম হয়েছে। তাহলে বাকিদের ক্ষেত্রে কি ভাবে চাকরি বাতিল হল সেই প্রশ্ন তোলেন তিনি।

বাইট

যোগ্য অযোগ্যদের আলাদা করার দাবি জানিয়েছেন বিজেপি নেতা দিলীপ ঘোষ

বাইট

---------------------

রাজ্যে সীমাহীন চাকরী চুরি হয়েছে এই অভিযোগ তুলে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদ এবিভিপি আজ উত্তর দিনাজপুরের কালিয়াগঞ্জে বিক্ষোভ কর্মসূচী পালন করে। এর জেরে রায়গঞ্জ বালুরঘাট রাজ্য সড়ক বেশ কিছুক্ষণের জন্য স্তব্ধ হয়ে যায়। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পদত্যাগেরও দাবি তোলা হয়েছে।

---------------------

এসএসসি প্যানেল বাতিলের ফলে শিক্ষকের সংখ্যা নিয়ে উদ্বেগ তৈরি হলেও মাধ্যমিক পরীক্ষার ফলাফল নির্দিষ্ট সময়ে প্রকাশিত হবে বলে মধ্যশিক্ষা পর্ষদ সূত্রে জানা গেছে। ইতিমধ্যেই মাধ্যমিকের খাতা দেখা ও ত্রুটিনির কাজও প্রায় শেষের পথে বলে পর্ষদ সূত্রের খবর। প্রসঙ্গত মে মাসের প্রথম সপ্তাহে মাধ্যমিকের ফল প্রকাশের সম্ভাবনা রয়েছে।

উল্লেখ্য, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আগে জানিয়েছেন, যাঁদের চাকরি বাতিল হয়েছে তাঁদের মধ্যে ১১ হাজার ৬১০ জন নবম ও দশম শ্রেণিতে পড়াতেন। ৫৫৯৬ জন পড়াতেন একাদশ ও দ্বাদশ শ্রেণিতে। শিক্ষক স্বল্পতার বিষয়টি মাধ্যমিকের ফল প্রকাশের ক্ষেত্রে খুব একটা প্রভাব ফেলবে না বলেই মনে করছেন মধ্যশিক্ষা পর্ষদের কর্তারা।

---------------------

তৃণমূল কংগ্রেস আগামী ১৫ই এপ্রিল রাজ্য জুড়ে বাংলা নববর্ষের পাশাপাশি মর্যাদার সঙ্গে পশ্চিমবঙ্গ দিবস পালন করবে। দলের সভাপতি সুব্রত বক্সি ইতমধ্যেই বিষয়টি নিয়ে সব সাংগঠনিক জেলার সভাপতি, বিধায়ক, সাংসদ, চেয়ারম্যান, দলের শাখা

সংগঠনের প্রধানদের চিঠি পাঠিয়েছেন। এই অনুষ্ঠানে কিশোর কিশোরীদের বেশি করে যুক্ত করার কথা বলা হয়েছে। অনুষ্ঠানে বর্ণাঢ্য শোভাযাত্রা, সাংস্কৃতিক অনুষ্ঠান, রক্তদান শিবির আয়োজন করার কথা বলা হয়েছে।

---------------------

রাজ্যে দুধ ও দুগ্ধজাত পণ্যের উৎপাদন বাড়াতে বাংলার ডেয়ারী ব্র্যান্ডের আওতায় দুটি অত্যাধুনিক দুগ্ধ প্রক্রিয়াকরণ কেন্দ্র গড়ে তুলছে রাজ্য সরকার। নদীয়ার হরিণঘাটা ও শিলিগুড়ির মাটিগাড়ায় ১১০ কোটি টাকা ব্যয়ে এই কেন্দ্র গুলি গড়ে তোলা হবে। হরিণঘাটার কারখানায় দৈনিক দেড় লক্ষ লিটার দুধ প্রক্রিয়াকরণের ব্যবস্থা থাকবে। হরিণঘাটা কেন্দ্রটিতে প্রথম পর্যায়ে চলতি বছরের জুন-জুলাই মাসে ১ লক্ষ লিটারের প্রক্রিয়াকরণ শুরু হবে । আগামী বছরের প্রথমার্ধে বাকি ৫০ হাজার লিটার দুধ প্রক্রিয়াকরণ করা হবে। অন্যদিকে, মাটিগাড়ার কারখানায় দৈনিক ৫০ হাজার লিটার দুধ প্রক্রিয়াকরণ করা যাবে। এই প্রকল্পও শেষ হবে আগামী এক বছরের মধ্যেই । প্যাকেটজাত দুধের পাশাপাশি থাকছে পনির, ঘি, দই এবং লস্যি উৎপাদনের পরিকাঠামোও। একই সঙ্গে বাংলার ডেয়ারীর ডানকুনি দুগ্ধ কেন্দ্রের সংস্কার ও আধুনিকীকরণের কাজও শুরু হয়েছে। যার জন্য খরচ হচ্ছে প্রায় ২৩ কোটি টাকা।

---------------------

হাওড়ার সাঁকরাইলের আলমপুর মোড়ের কাছে আজ বিকেল তিনটে নাগাদ একটি থার্মোকলের কারখানায় আগুন লাগে। প্রায় দশ হাজার বর্গ ফুট এলাকায় আগুন ছড়িয়ে পরে। দমকলের ছটি ইঞ্জিনের চেষ্টায় তিন ঘণ্টা পরে আগুন নিয়ন্ত্রনে আসে। এই ঘটনায় আকাশ হাজরা নামের বছর আঠারোর এক কিশোরের মৃত্যু হয়েছে বলে খবর।

---------------------

কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম আজ ভার্চুয়ালি পাঁচ তলা পুরুলিয়া জেলা আদালতের নতুন ভবনের উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন কলকাতা হাইকোর্টের বিচারপতি সৌগত মজুমদার ও পুরুলিয়ার জেলা বিচারক সুজাতা খড়গ সহ বিশিষ্টরা। দেড়শ বছরের প্রাচীন ভবন ছেড়ে এবার থেকে অত্যাধুনিক নতুন ভবনে চলবে বিচারপ্রক্রিয়া। অত্যাধুনিক প্রযুক্তিতে নির্মিত এই ভবনে থাকছে আধুনিক লিফট, অডিও ভিজুয়াল মাধ্যম ও বিচারকদের জন্য পাঠাগার। পাশাপাশি থাকছে সৌর বিদ্যুতের ব্যবস্থাও।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান বিচারপতি টি এস শিবজ্ঞানম পুরুলিয়ার আদালতের ইতিহাস তুলে ধরেন। অন্যদিকে, পুরুলিয়া বার এসোসিয়েশনের সভাপতি হিমাদ্রি চ্যাটার্জী জানান, ১৮৪৫ সালে তৈরী জেলা আদালতের পুরোনো ভবনটি অত্যাধুনিক হওয়ায়, এক জায়গাতেই সব কাজ হবে। যার সুবিধে পাবেন বিচারপ্রার্থীরাও।

---------------------

কলকাতার ট্যাংরায় দোকানের সামনে গাড়ি রাখা নিয়ে বচসার জেরে এক প্রৌঢ়ের মৃত্যু হয়েছে। জানা গেছে, ট্যাংরার মথুরবাবু লেনের বাসিন্দা অরুণ গুপ্ত একটি দোকান চালান। সেই দোকানের সামনেই গাড়ি রাখা নিয়ে গৌরব ও আরিয়ান শাহ নামে দুই যুবকের সঙ্গে তার বচসা হয়। অরুণ গুপ্তকে বেধরক মারধর করা হয় বলে অভিযোগ। গুরুতর অসুস্থ অবস্থায় তাকে এন আর এস হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করেন। পুলিশ দুই অভিযুক্তকে আটক করেছে।

---------------------

কলকাতার রবীন্দ্র সদনের বাংলা একাডেমি প্রাঙ্গনে আজ শুরু হয়েছে সাহিত্য উৎসব ও লিটল ম্যাগাজিন মেলা। রাজ্যের ৩৪৪ টি ব্লকে এই মেলার আয়োজন করা হচ্ছে। একতারা মুক্ত মঞ্চে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু, তথ্য ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ইন্দ্রনীল সেন, সাহাত্যিক শীর্ষেন্দু মুখোপাধ্যায় প্রমুখ। মেলা চলবে আগামী ৯ তারিখ পর্যন্ত। উদ্বোধনী অনুষ্ঠানে লেখক শীর্ষেন্দু মুখোপাধ্যায় বলেন, লিটল ম্যাগাজিন বাংলা সাহিত্যকে আরও এগিয়ে নিয়ে যাবে।

বাইট

---------------------

রাজ্যে বৃষ্টির পূর্বাভাস থাকলেও, তা' না হওয়ায় ঘাটতি অব্যাহত। কোনো কোন জেলায় বৃষ্টি ঘাটতির হার ১০০ শতাংশে পৌঁছেছে। এরই মধ্যে আবহাওয়া দপ্তর আগামী সপ্তাহে কালবৈশাখীর পূর্বাভাস দিয়েছে। সোমবার থেকে কলকাতা সহ দক্ষিণবঙ্গের একাধিক জেলায় ঝড়বৃষ্টি হতে পারে। বজ্রবিদ্যুৎ সহ হাল্কা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস থাকছে হাওড়া, দুই ২৪ পরগণা, পূর্ব মেদিনীপুর, ঝাড়গ্রাম, পুরুলিয়া, বীরভূম, মুর্শিদাবাদ এবং নদীয়ায়। বৃষ্টির পূর্বাভাস রয়েছে উত্তরবঙ্গেও। আগামীকাল থেকে হিমালয় সন্নিহিত জেলাগুলিতে বজ্রবিদ্যুৎ সহ ঝড় বৃষ্টির সম্ভাবনা রয়েছে। তবে, সার্বিকভাবে তাপমাত্রা পরিবর্তনের কোনো সম্ভাবনা নেই। কলকাতায় ভ্যাপসা ও অস্বস্তিকর গরম বজায় থাকবে।

---------------------

ব্যারাকপুর স্টেডিয়ামে আজ ইন্ডিয়ান ওমেন লীগ ফুটবলে ইস্টবেঙ্গল ও শ্রীভূমি এফ সির খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে। ইস্টবেঙ্গলের অঞ্জু তামাং এবং শ্রী ভূমির সন্দ্রা গোল করেছে।

-------------------- --------------------